

Meeting between Prime Minister Shri Narendra Modi and H.E. Mr. SUGA Yoshihide, Prime Minister of Japan

September 23, 2021

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী সুগা য়োশীহিদের মধ্যে বৈঠক

সেপ্টেম্বর 23, 2021

কোয়াড বা চতুর্দেশীয় অক্ষ গোষ্ঠীভুক্ত দেশগুলির নেতৃবৃন্দের শিখর বৈঠকের ফাঁকে বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জাপানের প্রধানমন্ত্রী সুগা য়োশীহিদের সঙ্গে বৈঠক করেন।

এই প্রথমবার স্বশরীরে বৈঠকে উপস্থিত হওয়ায় দুই প্রধানমন্ত্রীই সন্তোষ প্রকাশ করেন। জাপানের প্রধানমন্ত্রী পদে সুগা য়োশীহিদে গত বছরের সেপ্টেম্বর মাসে যখন দায়িত্বভার গ্রহণ করেন, তখন থেকে তিনবার ফোনে নিজেদের মধ্যে বাক্যালাপের কথা দু'জনেই স্মরণ করেন। ভারত-জাপান বিশেষ কৌশলগত ও বিশ্ব অংশীদারিত্বের সম্পর্ককে গত কয়েক বছরে আরও এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বর্তমানে প্রধানমন্ত্রী এবং পূর্বতন মুখ্য ক্যাবিনেট সচিব হিসাবে প্রধানমন্ত্রী সুগা ব্যক্তিগতভাবে যে প্রতিশ্রুতি দেখিয়েছেন, তার জন্য প্রধানমন্ত্রী মোদী তাঁকে ধন্যবাদ জানান। বিশ্বব্যাপী মহামারী সত্ত্বেও সফলভাবে টোকিও অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস্ আয়োজনের জন্য প্রধানমন্ত্রী মোদী সেদেশের প্রধানমন্ত্রী সুগাকে অভিনন্দন জানান।

দুই প্রধানমন্ত্রী উভয় দেশের মধ্যে বহুপাক্ষিক সম্পর্ক পর্যালোচনার পাশাপাশি, আফগানিস্তান সহ বিশ্ব ও আঞ্চলিক পর্যায়ে সাম্প্রতিক ঘটনাবলী নিয়ে মতবিনিময় করেন। এক অবাধ, উন্মুক্ত ও সার্বিক ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে দুই প্রধানমন্ত্রীই পুনরায় নিজেদের অঙ্গীকারের কথা জানান। প্রতিরক্ষা সরঞ্জাম ও প্রযুক্তি সহ দ্বিপাক্ষিক নিরাপত্তা ও প্রতিরক্ষা সহযোগিতা আরও সম্প্রসারিত করার বিষয়েও তাঁরা সহমত প্রকাশ করেন।

উভয় দেশের মধ্যে ক্রমবর্ধমান অর্থনৈতিক সম্পর্ককে দুই প্রধানমন্ত্রীই স্বাগত জানান। এক নমনীয়, বৈচিত্র্যময় ও বিশ্বাসযোগ্য সরবরাহ-শৃঙ্খল গড়ে তুলতে এ বছরের গোড়ায় ভারত, জাপান ও অস্ট্রেলিয়ার মধ্যে সহযোগিতামূলক ব্যবস্থা হিসাবে সরবরাহ-শৃঙ্খল সম্পর্কিত নমনীয় উদ্যোগ (এসসিআরআই) গ্রহণের সূচনাকে দুই প্রধানমন্ত্রীই স্বাগত জানান। প্রধানমন্ত্রী মোদী উৎপাদন, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং দক্ষতা বিকাশ ক্ষেত্রে দ্বিপাক্ষিক অংশীদারিত্ব গড়ে তোলার প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব দেন। এই প্রেক্ষিতে প্রধানমন্ত্রী সুগা প্রধানমন্ত্রী মোদীকে জানান, এ বছরের গোড়ায় সুনির্দিষ্ট ক্ষেত্র-ভিত্তিক দক্ষ কর্মী বাহিনী (এসএসডব্লিউ) গড়ে তোলার লক্ষ্যে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে, তার প্রেক্ষিতে জাপান আগামী বছরের শুরু থেকেই ভারতে কর্মীদের দক্ষতা ও ভাষাজ্ঞান যাচাই প্রক্রিয়া শুরু করবে।

দুই প্রধানমন্ত্রী কোভিড-১৯ মহামারী এবং এই মহামারী মোকাবিলায় গৃহীত প্রয়াসগুলি নিয়ে আলোচনা করেন। ডিজিটাল প্রযুক্তির ক্রমবর্ধমান গুরুত্বের কথা উল্লেখ করে ভারত-জাপান ডিজিটাল অংশীদারিত্ব, বিশেষ করে স্টার্টআপ ক্ষেত্রে অগ্রগতির বিভিন্ন দিক নিয়ে দুই প্রধানমন্ত্রী মূল্যায়ন করেন। উদীয়মান প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা আরও বাড়ানোর বিষয় নিয়েও দু'জনের মধ্যে মতবিনিময় হয়। জলবায়ু পরিবর্তনজনিত সমস্যার পাশাপাশি, পরিবেশ-বান্ধব শক্তি রূপান্তর নিয়ে দু'জনের মধ্যে কথা হয়। ভারতের জাতীয় হাইড্রোজেন শক্তি মিশনে জাপানের সহযোগিতার সম্ভাবনার দিকগুলিও বৈঠকে খতিয়ে দেখা হয়।

মুম্বাই-আমেদাবাদ হাইস্পিড রেল প্রকল্পের সুষ্ঠু ও সময় মতো রূপায়ণের লক্ষ্যে গৃহীত পদক্ষেপগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার ব্যাপারেও দুই প্রধানমন্ত্রী তাঁদের অঙ্গীকারের কথা জানান।

ভারত-জাপান অ্যাক্ট ইস্ট ফোরামের মাধ্যমে ভারতের উত্তর-পূর্বাঞ্চলে দ্বিপাক্ষিক উন্নয়নমূলক প্রকল্পগুলিতে যে অগ্রগতি হয়েছে, দুই প্রধানমন্ত্রী তাকে স্বাগত জানান। এ ধরনের সহযোগিতা আরও বাড়ানোর সম্ভাবনা নিয়েও উভয়ের মধ্যে কথা হয়।

প্রধানমন্ত্রী সুগা প্রত্যয় ব্যক্ত করেন, গত কয়েক বছরে ভারত-জাপান অংশীদারিত্বে যে ধারাবাহিক অগ্রগতি হয়েছে, তা জাপানে নতুন প্রশাসনের দায়িত্ব গ্রহণের পরও অব্যাহত থাকবে। অদূর ভবিষ্যতে ভারত-জাপান বার্ষিক শীর্ষ বৈঠকে জাপানের পরবর্তী প্রধানমন্ত্রীকে ভারতে স্বাগত জানাতে তিনি অত্যন্ত আগ্রহী বলে প্রধানমন্ত্রী মোদী সেদেশের প্রধানমন্ত্রীকে জানান।

ওয়াশিংটন ডিসি

সেপ্টেম্বর 23, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.